



পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৪.২০২১-২০ (২৮-৫)

তারিখ: ২২ পৌষ ১৪২৭  
২৬ জানুয়ারি ২০২১

বিষয়: দেশে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতিতে কারাবন্দি এবং কারা কর্মকর্তা/কর্মচারীদের করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারি নির্দেশনা প্রতিপালনপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

বরাতে: (ক) কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১৫.০২৬৭.২০১৮-২১২ তারিখ: ২৩/৩/২০২০  
(খ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০০১.২০২০-২২৯(১৮৫) তারিখ: ২৩/৩/২০২০  
(গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ অধিদপ্তর স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১৯.০০৪.২০-৬৫৫ তারিখ: ১১/৫/২০২০  
(ঘ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০-২৫৮(১১১) তারিখ: ১৩/৫/২০২০

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে করোনা সংক্রমণের দ্বিতীয় ধাপ চলমান রয়েছে এবং প্রতিনিয়ত এর বিস্তার ঘটছে। ইতোমধ্যে কতিপয় কারা বন্দি এবং কারা কর্মকর্তা/কর্মচারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে এবং একজন কারা কর্মকর্তা মৃত্যুবরণও করেছেন। কারাগারে ধারণ ক্ষমতার দ্বিগুণেরও বেশী বন্দি অবস্থান করায় করোনা ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ার উচ্চমাত্রার ঝুঁকি বিরাজ করছে। কারাগারসমূহে কোনো বন্দি করোনা ভাইরাসে আক্রান্ত হলে অন্য বন্দিদের মধ্যে সংক্রমণের সম্ভাবনা/ঝুঁকি বৃদ্ধি পাবে।

এমতাবস্থায়, কারাগারে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা আবশ্যিক।

১. বহিরাগত বন্দি এবং কারা কর্মকর্তা/কর্মচারীদের ধার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিস/কারাগারে প্রবেশ করাতে হবে এবং কারাগারের মূল ফটকে সাবান/হ্যান্ড ওয়াশ/হ্যান্ড স্যানিটাইজার স্থানীয় ব্যবস্থাপনায় প্রস্তুত রাখতে হবে;
২. প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা হাত জীবানুমুক্তকরণ নিশ্চিত করতে হবে;
৩. কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে;
৪. দৃশ্যমান উল্লেখযোগ্য স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে;
৫. হাঁচি, কাশির পর হাত ভালোভাবে সাবান দিয়ে ধুয়ে নিতে হবে। প্রয়োজনে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে এবং হাঁচি, কাশির সময় নাক ও মুখ ঢেকে রাখতে হবে;
৬. বাহিরে গেলে মাস্ক বা মুখোশ ব্যবহার নিশ্চিত করতে হবে;
৭. কারাগারে নবাগত বন্দিদের অন্তত: ১৪ দিন পর্যবেক্ষণে রাখার জন্য ০১টি আমদানি ওয়ার্ডের ব্যবস্থা রাখতে হবে এবং কোয়ারেন্টাইন সময় নিশ্চিত করতে হবে;
৮. করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্থানীয় প্রশাসন ও সিভিল সার্জন মহোদয়ের সাথে সমন্বয়পূর্বক কারাগারসমূহে নিরবচ্ছিন্ন প্রেষণা প্রদান ও সর্বোচ্চ স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

অতএব, উপরোক্ত নির্দেশনা প্রতিপালনসহ সদাশয় সরকার কর্তৃক এতৎসংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে আবিষ্কৃত নির্দেশনাসমূহ যথারীতি প্রতিপালন করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

মোঃ মোমিনুর রহমান মাসুম  
রিগেডার্স জেনারেল  
কারা মহাপরিদর্শক  
বাংলাদেশ, ঢাকা  
ফোন: ৫৭৩০০৪৪৪ (দপ্তর)  
ig@prison.gov.bd

বিতরণ

১। সিনিয়র কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার;

২। কারা তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার;

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, সকল;
২. কারা উপ-মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা;
৩. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ;
৪. প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. কমান্ড্যান্ট কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী;
৬. জেলা প্রশাসক, সকল;
৭. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৮. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আটলোড করার জন্য অনুরোধ করা হলো।
১১. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
১২. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১৩. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৪. গার্ড ফাইল।